



স্মারক নম্বর: ১৭৮/উ:মা:পরি:/৭৪(অংশ-১)/৮৫১

তারিখ : ৩১/০১/২০২১

এইচএসসি পরীক্ষা-২০২০ এর অব্যয়িত কেন্দ্র ফি এবং বোর্ড ফি ফেরত প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

কোভিড-১৯ মহামারির কারণে ২০২০ সালের এইচএসসি পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়। গত ০৭ অক্টোবর ২০২০ তারিখে মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয় পরীক্ষার ফরম পূরণকারী পরীক্ষার্থীদের এসএসসি/সমমান এবং জেএসসি/সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ২০২০ সালের এইচএসসি পরীক্ষার ফল প্রকাশের ঘোষণা প্রদান করেন। তাই পরীক্ষার্থীদের উত্তরপত্র মূল্যায়ন বাবদ ধার্যকৃত অর্থ এবং ব্যবহারিক ও কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের অব্যয়িত অংশ আন্তঃবোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপ-কমিটির ১৫৮ তম সভায় ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব কমিটির ৫২৯ তম সভায় অনুমোদিত হয়।

২০২০ সালের এইচএসসি/সমমান পরীক্ষার অব্যয়িত কেন্দ্র ফি ও বোর্ড ফি ফেরত প্রদান :

- (ক) বোর্ড কর্তৃক পরীক্ষার্থীকে ফেরত : ২০২০ সালের এইচএসসি ও সমমান পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরম পূরণ করেছিলো তাদের প্রবেশ পত্রে উল্লিখিত প্রতিটি পত্রের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফি হতে পত্র প্রতি (তত্ত্বীয়) ৩০.০০ (ত্রিশ) টাকা করে এবং ব্যবহারিক বিষয়ের ক্ষেত্রে পত্র প্রতি আরও ১০.০০ (দশ) টাকা করে ফেরত প্রদান করা হবে।
- বোর্ড কর্তৃক ফেরত প্রদানের অর্থ সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের নিজ নিজ প্রতিষ্ঠানে প্রেরণ করা হবে। পরীক্ষার্থী সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে বোর্ড প্রদত্ত অব্যয়িত অর্থ গ্রহণ করবে।
- (খ) কেন্দ্র ফি হতে পরীক্ষার্থীকে ফেরত : ২০২০ সালের এইচএসসি ও সমমান পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরম পূরণ করেছিলো তাদের কেন্দ্র ফি হতে পরীক্ষার্থী প্রতি ২০০.০০ (দুইশত) টাকা করে এবং আইসিটি বিষয়ের পরীক্ষার্থীদের ক্ষেত্রে অতিরিক্ত আরও ২৫.০০ (পঁচিশ) টাকা করে ফেরত প্রদান করা হবে। এছাড়াও প্রবেশ পত্রে উল্লিখিত (আইসিটি ব্যতীত) সকল ব্যবহারিক বিষয়ের ক্ষেত্রে পত্র প্রতি আরও অতিরিক্ত ৪৫.০০ (পয়তাল্লিশ) টাকা করে ফেরত প্রদান করা হবে। পরীক্ষার্থী কেন্দ্র ফি বাবদ অব্যয়িত উক্ত অর্থ প্রতিষ্ঠান হতে গ্রহণ করবে।
- (গ) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রাপ্য : সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের ১০% এবং আইসিটি ব্যহারিক বিষয়ের জন্য আদায়কৃত ফি থেকে পরীক্ষার্থী প্রতি ২০.০০ (বিশ) টাকা ফরম পূরণ ও আনুষঙ্গিক কাজের ব্যয় নির্বাহ করবে।
- (ঘ) শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট কেন্দ্রকে প্রদান : ২০২০ সালের এইচএসসি ও সমমান পরীক্ষায় প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান পরীক্ষার্থী প্রতি সংশ্লিষ্ট কেন্দ্রকে ১৬০.০০ (একশ ষাট) টাকা হারে প্রদান করবে। কেন্দ্র উক্ত অর্থ পরীক্ষার গোপনীয় কাগজ পরিবহন ও বোর্ডে জমাদান, সংরক্ষণ এবং প্রশাসনিক ব্যয় নির্বাহ করবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

প্রফেসর এস. এম আমিরুল ইসলাম
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
controller@dhakaeducationboard.gov.bd
ফোন : ০২-৯৬৬৯৮১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- (১) সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- (২) সচিব, কারিগরি ও মাদরাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- (৩) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- (৪) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- (৫) সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- (৬) জেলা প্রশাসক, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
- (৭) মাননীয় শিক্ষা মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- (৮) মাননীয় শিক্ষা উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- (৯) উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- (১০) উপজেলা নির্বাহী কর্মকর্তা, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- (১১) জেলা শিক্ষা অফিসার, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
- (১২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- (১৩) মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- (১৪) অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতি
- (১৫) সকল কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

মোহাম্মদ জাহিদ বক্ত চৌধুরী
উপ পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
hscdeb@gmail.com
ফোন : ০২-৫৮৬১০১৮১